

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর

তারিখঃ ০৬-০৯-২০২১ খ্রিঃ

স্মারক নং-

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখ : ০৬-০৯-২০২১ খ্রি.।

সময় : সকাল ১১:০০টা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, পিরোজপুর সদর, পিরোজপুর।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সাধারণ সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন।	সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান এসডিজির একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য হচ্ছে দারিদ্র বিমোচন। আর দারিদ্র বিমোচনের জন্য দরকার দক্ষ জনশক্তি। বেকার জনগোষ্ঠিকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে হলে প্রশিক্ষণের বিকল্প নেই। বর্তমানে সারা বিশ্বে ফ্রিল্যান্সিং তথা আউটসোর্সিং শিক্ষিত বেকারদের অর্থ উপার্জনের একটি জনপ্রিয় ও উল্লেখযোগ্য মাধ্যম। এই প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবকেরা আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে সক্ষম হবে। এ ছাড়া ইলেকট্রিক হাউজ ওয়ারিং প্রশিক্ষণ প্রদান করা হলে বেকার যুবকেরা সহজেই আত্ম কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করতে সক্ষম হবে।	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত ২ টি দক্ষতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব করার সিদ্ধান্ত গৃহিত হয়ঃ ১। বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আউটসোর্সিং প্রশিক্ষণ। ২। শিক্ষিত বেকার যুবকদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইলেকট্রিক্যাল হাউজওয়ারিং কাজের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পিরোজপুর সদর, পিরোজপুর।
২.	বিবিধ:			

(শেখ মোঃ বায়জীদ হোসেন)

সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

পিরোজপুর সদর, পিরোজপুর।

স্মারক নং-

তারিখ: ০৬-০৯-২০২১খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর।
- ৩। অফিস কপি।



(মোঃ রফিকুল ইসলাম সরদার)

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

ও

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
পিরোজপুর সদর, পিরোজপুর।